

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০২.০০২.১৯.৭২

তারিখ: ২০ ভাদ্র ১৪২৬

০৪ সেপ্টেম্বর ২০১৯


বিষয়: বালিয়াকান্দি কলেজের নৈশ প্রহরী মোঃ মঞ্জু মিয়া'র বেতন ভাতার বকেয়া প্রদান।

সূত্র: ১১১, তারিখ- ১২/০৮/২০১৮খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বালিয়াকান্দি কলেজের নৈশ প্রহরী মোঃ মঞ্জু মিয়া দায়িত্বে অবহেলার কারণে ১৪/৫/২০১৫খ্রি. তারিখ হতে জুন- ২০১৭ পর্যন্ত সাময়িক বরখাস্ত ছিল। ০৪/০৬/২০১৭খ্রি. তারিখে তার বিরুদ্ধে আনিত অভিযোগ হতে তাকে অব্যাহতি প্রদান করা হয়। বরখাস্তকালীন সময়ের ১,১৩,৭৬৫/- বকেয়া প্রদানের জন্য আবেদন করেন। কলেজটি সদ্য জাতীয়করণের আওতাভুক্ত হয়েছে।

বিদ্যমান জনবল কাঠামোর ১৮.৫ ধারা মোতাবেক "প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ব্যবস্থাপনা কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার কারণে বেতন ভাতার সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসেবে তা এমপিও খাত থেকে উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন করবে।

বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।



৫-৯-২০১৯

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক (কলেজ-৩)

জনাব মোঃ গোলাম মোস্তফা, অধ্যক্ষ, বালিয়াকান্দি  
কলেজ, রাজবাড়ী


স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০২.০০২.১৯.৭২/১(৩)

তারিখ: ২০ ভাদ্র ১৪২৬

০৪ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সভাপতি, পরিচালনা পরিষদ, বালিয়াকান্দি কলেজ, রাজবাড়ী।
- ২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, রাজবাড়ী
- ৩) জনাব মোঃ মঞ্জু মিয়া, নৈশ প্রহরী, বালিয়াকান্দি কলেজ, রাজবাড়ী।



৫-৯-২০১৯

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক (কলেজ-৩)